



বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি

জাতীয় সদর দফতর

৬৮৪-৬৮৬ রেড ক্রিসেন্ট সড়ক, বড় মগবাজার, ঢাকা-১২১৭।

পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটিতে শূণ্য পদে অস্থায়ী ভিত্তিতে নিম্নে উল্লেখিত পদে লোক নিয়োগের লক্ষ্যে আগ্রহী প্রার্থীদের (বাংলাদেশের স্থায়ী নাগরিক ও বাসিন্দা) নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন ও ভাতাদি	কার্যবিবরণী	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বয়সসীমা
১	পরিচালক, স্বাস্থ্য, বিডিআরসিএস	১ জন	সর্বসাকুল্যে মাসিক বেতন ৯০,০০০/- টাকা ও সোসাইটির নিয়মানুযায়ী অন্যান্য সুবিধাদি	<ul style="list-style-type: none"> সোসাইটির স্বাস্থ্য বিভাগের জনস্বাস্থ্য বিষয়ক যাবতীয় কার্যাবলী পরিচালনা। সোসাইটির অন্তর্গত বিভিন্ন অংগ প্রতিষ্ঠান/ প্রকল্পের সাথে স্বাস্থ্য বিভাগের সংশ্লিষ্ট কার্যাবলী সম্পাদন। স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন ক্যাম্পেইন পরিচালনা। 	<ul style="list-style-type: none"> এম.বি.বি.এস/ এম.ডি. অথবা স্বাস্থ্য সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রীধারী। এম.পি.এইচ/এম.ফিল. ডিগ্রী অগ্রাধিকার। স্থানীয় অথবা আন্তর্জাতিক এনজিও/ স্বেচ্ছাসেবামূলক প্রতিষ্ঠানে ন্যূনতম ১৫ বছরের জনস্বাস্থ্য বিভাগে কাজের অভিজ্ঞতা যার মধ্যে পরিচালক/ উপ-পরিচালক/ পরামর্শক/ ব্যবস্থাপক/ সমন্বয়কারী বা সমপদে ১০ বছরের স্বাস্থ্য বিভাগে কাজের অভিজ্ঞতা। 	সর্বনিম্ন ৪০ বছর এবং সর্বোচ্চ ৫৫ বছর। তবে অধিক অভিজ্ঞতা ও যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য।
২	পরিচালক, আন্তর্জাতিক সম্পর্ক ও যোগাযোগ, বিডিআরসিএস	১ জন	সর্বসাকুল্যে মাসিক বেতন ৯০,০০০/- টাকা ও সোসাইটির নিয়মানুযায়ী অন্যান্য সুবিধাদি	<ul style="list-style-type: none"> সোসাইটির আন্তর্জাতিক সম্পর্ক ও যোগাযোগ বিভাগের দৈনন্দিন যাবতীয় কার্যাবলী পরিচালনা। গণমাধ্যমে সোসাইটির বিভিন্ন সংবাদ সঠিক ও বিস্তৃত ভাবে সম্প্রচার কার্যাবলী সম্পাদন। সোসাইটির মুভমেন্ট পার্টনারদের সহিত নিয়মিত যোগাযোগের মাধ্যমে সোসাইটির স্বেচ্ছাসেবামূলক কাজে অধিকতর প্রণোদনার ব্যবস্থা করা। 	<ul style="list-style-type: none"> স্বনামধন্য বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রীধারী (সাংবাদিকতা/ আন্তর্জাতিক সম্পর্ক/ যোগাযোগ ইত্যাদি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অগ্রাধিকার)। স্থানীয় অথবা আন্তর্জাতিক এনজিও/ স্বেচ্ছাসেবামূলক প্রতিষ্ঠানে ন্যূনতম ২০ বছরের কাজের অভিজ্ঞতা যার মধ্যে পরিচালক/ উপ-পরিচালক/ পরামর্শক/ ব্যবস্থাপক/সমন্বয়কারী বা সমপদে আন্তর্জাতিক সম্পর্ক/যোগাযোগ/ সাংবাদিকতা বিভাগে ১০ বছরের বাস্তব কাজের অভিজ্ঞতা। 	সর্বনিম্ন ৪০ বছর এবং সর্বোচ্চ ৫৫ বছর। তবে অধিক অভিজ্ঞতা ও যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য।

অন্যান্য সুযোগসুবিধাদিঃ

- সোসাইটির নিয়মানুসারে ২টি উৎসব ভাতা ও বৈশাখী ভাতা প্রদান করা হবে।
- যাতায়াতের জন্য পরিবহন সুবিধা (গাড়ির প্রাপ্যতা সাপেক্ষে)।
- বীমা সুবিধা।

আবেদনের শর্তাবলীঃ

- আগ্রহী প্রার্থীদের পূর্ণ জীবন বৃত্তান্তসহ সাদা কাগজে নাম, পিতার নাম, মাতার নাম বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ ২৫/১০/২০২১ তারিখে বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, কম্পিউটার দক্ষতা, অভিজ্ঞতা, যোগাযোগের জন্য (ই-মেইল নম্বর), টেলিফোন/ মোবাইল নম্বর উল্লেখ পূর্বক আবেদনপত্র দাখিল করতে হবে।
- সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে। প্রার্থীকে নিজ জেলার বাসিন্দার স্বপক্ষে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশন এর কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- আবেদনপত্র আগামী ৩১/১০/২০২১ তারিখের মধ্যে ডাকযোগে অথবা অন-লাইনে (hr@bdrcs.org) প্রেরণ করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন আবেদন গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
- আবেদনপত্রের বিষয়ে (subject) আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে।
- প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- যাচাই-বাছাইয়ে ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে বিডিআরসিএস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- কেবলমাত্র বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষার সময়সূচী ডাকযোগে/ টেলিফোনে/ ই-মেইলের মাধ্যমে জানানো হবে। এ বিষয়ে কোন টি.এ ও ডি.এ প্রদান করা হবে না।
- প্রতিষ্ঠানের কর্মকাণ্ডে সৃষ্ট বাস্তবায়নের স্বার্থে পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি অথবা নিয়োগ প্রক্রিয়ার বিষয়সমূহ পরিবর্তন, পরিবর্ধন ও নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা বিডিআরসিএস কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

▶ ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

▶ বিডিআরসিএস সম-অধিকার মতাদর্শে বিশ্বাসী। কোনরূপ তদবির বা অনৈতিক কর্মকান্ড প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

মহাসচিব

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি